

ভারত-মায়ানমার যৌথ পরামর্শমূলক কমিশনের প্রথম বৈঠক

ভারত-মায়ানমার যৌথ পরামর্শমূলক কমিশনের প্রথম বৈঠক নয়াদিল্লিতে ১৬ জুলাই ২০১৫ অনুষ্ঠিত হবে। এই বৈঠকে যৌথ পৌরোহিত্য করবেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী এবং মায়ানমারের বিদেশমন্ত্রী। এই বৈঠকের জন্য মায়ানমারের সম্মানীয় বিদেশমন্ত্রী উ উন্না মং লুইন এক উচ্চপর্যায়ের প্রতিনিধিদল নিয়ে আসছেন।

২০০৩ সালের জানুয়ারি মাসে মায়ানমারের বিদেশমন্ত্রীর ভারত সফরের সময়ে ভারতের পররাষ্ট্রমন্ত্রক ও মায়ানমারের বিদেশমন্ত্রকের মধ্যে পরামর্শর জন্য প্রটোকল স্বাক্ষরিত হয়েছিল। সেই প্রটোকল —এর অন্তর্গত জেসিসি গঠিত হয়।

প্রথম জেসিসি বৈঠকে বিভিন্ন ক্ষেত্রের দ্বিপাক্ষিক উদ্যোগ গুলির অগ্রগতি পর্যালোচনা করা হবে, গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলি চিহ্নিত করা হবে এবং দ্বিপাক্ষিক অংশীদারির সম্প্রসারণের জন্য দিশা নির্ধারণ করা হবে। এই বৈঠকে অভিন্ন স্বার্থের আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়ে মত বিনিময় করার উৎকৃষ্ট সুযোগ রয়েছে।

ভারতে সফরকালীন সময়ে মায়ানমার বিদেশমন্ত্রী সম্মানীয় প্রধানমন্ত্রীর সংগে সাক্ষাৎ করবেন। তাঁর দিল্লির ফরেন সার্ভিস ইনস্টিটিউট যাওয়ার কর্মসূচী নির্ধারিত রয়েছে। তিনি সফরসঙ্গী প্রতিনিধিদল নিয়ে ঐতিহাসিক জয়পুর শহর দর্শনে যাবেন।

নয়াদিল্লি

১৫ জুলাই ২০১৫